

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৪৮

আগরতলা, ৮ নভেম্বর, ২০২৪

শীলপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে স্বাস্থ্য শিবির

উনকোটি জেলার অন্তর্গত কুমারঘাট মহকুমা হাসপাতালের অধীন বেতছড়া আয়ুষ্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে শীলপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ৭ নভেম্বর, ২০২৪ টি ত্রি ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে স্বাস্থ্যকর্মীরা নয় জনের রক্তে হিমোগ্লোবিনের মাত্রা পরিমাপ করেন। এছাড়াও এদিন উপস্থিত এলাকাবাসীদের মধ্যে স্বাস্থ্যকর্মীরা স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজন অনুসারে ওষুধ প্রদান করেন। তাতে এক জনের ডায়রিয়া এবং পাঁচ জনের সাধারণ সর্দি-কাশির উপসর্গ ছিল। এছাড়াও স্বাস্থ্যকর্মীরা ছয় জনের রক্তচাপ পরীক্ষা করেন। উক্ত শিবিরে স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা ডায়রিয়া, ম্যালেরিয়া, যক্ষ্মা ও ম্যালেরিয়া প্রতিরোধের উপায়, রাতে ঘুমানোর সময় ওষুধযুক্ত মশারী ব্যবহারের প্ৰয়োজনীয়তা এবং টিকাকরণের গুরুত্ব ইত্যাদি নিয়ে স্বাস্থ্য সচেতনতামূলক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এই অনুষ্ঠানে আজ মোট ২১ জন এলাকাবাসী উপস্থিত থেকে স্বাস্থ্য শিবিরের সুযোগ গ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বেতছড়া আয়ুষ্মান আরোগ্য মন্দিরের এএনএম মনীষা পাল ও আশাকর্মা মায়া চন্দ। স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*